নং. 32

<u>এক্সিকিউটিভ অর্ডার</u>

নিউ ইয়র্ক স্টেট কৃষি পণ্যের জন্য স্টেট এজেন্সির খাদ্য ক্রয় লক্ষ্য নির্ধারণ করা

যেহেতু, নিউ ইয়র্কের কৃষিখাত আমাদের স্টেটের ইতিহাস, অর্থনীতি, এবং ভবিষ্যতের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ;

যেহেতু, দেশের সরবরাহ চেইনের দুর্বলতা স্টেটের অভ্যন্তরীণ খাদ্য উৎপাদনের গুরুত্বের উপর জোর দিয়েছে;

যেহেতু, খামার সমর্থন করা এবং তাদের অর্থনৈতিক সম্ভাবনা বহাল রাখা সরবরাহ চেইনের স্থিতিস্থাপকতায় অবদান রাখে;

যেহেতু, নিউ ইয়র্কের কৃষিখাত যেইসব সমস্যার সম্মুখীন হয় তা কৃষক ও ভোক্তার নিয়ন্ত্রণ বহির্ভূত আন্তর্জাতিক বিকাশ দ্বারা আরো জটিল হইছে;

যেহেতু, আরো স্থিতিস্থাপক এবং ন্যায্য একটি খাদ্য ব্যবস্থা গঠন করার জন্য নিউ ইয়র্ক স্টেটকে এর খাদ্য সংগ্রহ নীতিমালা এবং কর্মসূচি ব্যবহার করার সক্ষমতা প্রদান করে নিউ ইয়র্কের উর্বর ভূমি, পানির উপলভ্যতা, প্রাণবন্ত কৃষি সম্প্রদায়, দারুণ ভূমি অনুদান ব্যবস্থা, এবং বৃহৎ, বৈচিত্র্যময় বাজার;

যেহেতু, নিউ ইয়র্কে উৎপন্ন, ফলানো, বা উৎপাদিত খাদ্য ও খাদ্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে স্টেট এজেন্সির জন্য প্রতিষ্ঠিত লক্ষ্য এবং নিউ ইয়র্ক কৃষি পণ্য ক্রয়ের জন্য স্কুল জেলাগুলিকে আরো বেশি ইচ্ছাধীনতা প্রদান করার জন্য সাধারণ মিউনিসিপ্যাল আইনের (General Municipal Law) সংশোধন উভয়ই স্থানীয় অর্থনীতিসমূহকে বলীয়ান করবে এবং স্টেটব্যাপী আরো স্থিতিস্থাপক এবং ন্যায্য খাদ্য ব্যবস্থায় অবদান রাখবে;

এখন, সুতরাং, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক রাজ্যের গভর্নর, নিউ ইয়র্ক রাজ্যের সংবিধান দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্বের ভিত্তিতে, যতক্ষণ না আমি ঘোষণা করতে পারি, এই নিম্নরূপ আদেশ করছি:

I. সংজ্ঞাসমূহ

A. "স্টেট এজেন্সি" অর্থ হবে এমন সকল এজেন্সি বা বিভাগ যার উপর গভর্নরের নির্বাহী কর্তৃত্ব রয়েছে, যার মধ্যে তার সকল অফিস ও বিভাগ অন্তর্ভুক্ত থাকবে, এবং সেই সাথে যেই সকল সরকারি কর্তৃপক্ষের প্রধান, প্রধান নির্বাহী বা সংখ্যাগরিষ্ঠ বোর্ড সদস্যদের গভর্নর নিয়োগদান করেন সেগুলিও থাকবে, যার মধ্যে নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) ব্যতীত তার সকল অফিস ও বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York) এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York) স্টেট এজেন্সির অন্তর্ভুক্ত হবে।

B. "নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য (New York State Food Products)" অর্থ হলো নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন, ফলানো, উৎপাদিত, বা প্রক্রিয়াজাতকৃত কৃষি পণ্য ও খাদ্যদ্রব্য। স্টেটের অভ্যন্তরীণ ও বাহ্যিক কাঁচামাল দিয়ে তৈরি প্রক্রিয়াজাতকৃত খাদ্যদ্রব্য নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য হিসেবে গণ্য হবে যখন (i)

তাদের প্রধান মূল্য বা পরিমাণ নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন, ফলানো, বা উৎপাদিত খাদ্য থেকে পাওয়া যায় এবং (ii) এমন খাদ্য পণ্যের প্রক্রিয়াজাতকরণ নিউ ইয়র্ক স্টেটের কারখানায় হয়ে থাকে।

C. "কৃষি পণ্য এবং খাদ্যদ্রব্য" এর মধ্যে মানব কর্তৃক ভোগের উদ্দেশ্যে তৈরি সকল খাদ্য ও পানীয় বস্তু অন্তর্ভুক্ত থাকবে যা যেকোনও ফেডারেল অর্থায়িত কর্মসূচিসহ যেকোনও যেকোনও স্টেট এজেন্সির ব্যবস্থাপনা করা তহবিলের উৎস ব্যবহার করে ক্রয় করা হবে।

II. স্টেট এজেন্সিগুলির জন্য নিউ ইয়র্ক স্টেট উৎস থেকে খাদ্য সংগ্রহ লক্ষ্য

A. চুক্তিভুক্ত সেবার মাধ্যমে ক্রয় করা খাদ্য ও খাদ্য পণ্যসহ স্টেট এজেন্সির জন্য খাদ্য ও খাদ্য পণ্য ক্রয় করার ক্ষেত্রে প্রযোজ্য হবে: (a) অবিলম্বে কার্যকর হবে, এমন স্টেট এজেন্সিগুলি সম্ভব হলে নিউ ইয়র্ক স্টেট পণ্য ক্রয় সম্পর্কে বিশেষ করে বলবে; এবং নিম্নরূপে ক্রয় বৃদ্ধির প্রচেষ্টা করবে, (b)(i) 2023 সালে বা সাল শেষ হওয়ার পূর্বে, এমন স্টেট এজেন্সির খাদ্য বা খাদ্য পণ্য ক্রয়ের মধ্যে 5 শতাংশ হবে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য; (ii) 2024 সালে বা সাল শেষ হওয়ার পূর্বে, এমন স্টেট এজেন্সির খাদ্য বা খাদ্য পণ্য ক্রয়ের মধ্যে 15 শতাংশ হবে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য (iii) 2025 সালে বা সাল শেষ হওয়ার পূর্বে, এমন স্টেট এজেন্সির খাদ্য বা খাদ্য পণ্য ক্রয়ের মধ্যে 20 শতাংশ হবে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য; (iv) 2026 সালে বা সাল শেষ হওয়ার পূর্বে, এমন স্টেট এজেন্সির খাদ্য বা খাদ্য পণ্য ক্রয়ের মধ্যে 25 শতাংশ হবে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য; এবং (v) 2027 সালে বা সাল শেষ হওয়ার পূর্বে, এমন স্টেট এজেন্সির খাদ্য বা খাদ্য পণ্য ক্রয়ের মধ্যে 30 শতাংশ হবে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য।

B. এমন চুক্তিতে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের উপলভ্যতার উপর যাতে আলোকপাত করা হয় তা সাধারণ সেবা অফিস (Office of General Services) এর কেন্দ্রীয় খাদ্য চুক্তিতে নিশ্চিত করবে।

C. খাদ্য ক্রয় করে এমন স্টেট এজেন্সিগুলি সাধারণ সেবা অফিসের কাছে বার্ষিক প্রতিবেদন প্রদান করবে, যেখানে প্রতিবেদন করা স্টেট এজেন্সির নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য ক্রয়ে কত মার্কিন ডলার ব্যয় করেছে তা থাকবে, এর মধ্যে চুক্তিভুক্ত সেবা প্রদানকারী, স্টেট এজেন্সির ক্রয় করা সকল খাদ্য ও খাদ্য পণ্যের মার্কিন ডলারে মূল্য, এবং উক্ত বছরে ক্রয় করা সকল কৃষি পণ্য ও খাদ্য দ্রব্যের মধ্যে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের শতাংশ উল্লেখ করা থাকবে। প্রতি বছর 31 মার্চের মধ্যে, স্টেটের এজেন্সিগুলি পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের এমন তথ্য সাধারণ সেবা অফিসকে প্রদান করবে।

D. যদি খাদ্য বা খাদ্য পণ্য ক্রয় করে এমন কোনও স্টেট এজেন্সি উপরে নির্ধারিত শতাংশের নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য ক্রয় করতে ব্যর্থ হয় তাহলে প্রযোজ্য হবে যে, স্টেট এজেন্সিটি আবশ্যিক সর্বনিম্ন পর্যায়ে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য ক্রয় প্রতিরোধের কারণসমূহ এবং কমপক্ষে আবশ্যিক সীমা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য ক্রয় বৃদ্ধি করতে সাহায্য করার জন্য স্টেট এজেন্সি যেসকল ব্যবস্থা গ্রহণ করবে তা নিয়ে গভর্নরের কাছে প্রতিবেদন পেশ করবে।

E. 30 অক্টোবর, 2023 তারিখের মধ্যে, সাধারণ সেবা অফিস এবং কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) উপলভ্য সংস্থান এবং তহবিল ব্যবহার করে একটি কর্মগোষ্ঠীর সংগঠন ও সমবেত করবে, যেখানে সংশোধন ও সম্প্রদায় তত্ত্বাবধান বিভাগ (Department of Corrections and Community Supervision), আসক্তি সেবা ও সমর্থন অফিস (Office of Addiction Services and Supports), মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health), বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য অফিস (Office for People with Developmental Disabilities), স্বাস্থ্য বিভাগ (Department of Health), বয়স্কদের অফিস (Office of the Aging), এবং অন্যান্য স্টেট এজেন্সি ও সরাসরি বা খাদ্য সেবা ঠিকাদারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য সনাক্ত, চুক্তি ও ক্রয় করার অভিজ্ঞতাসহ অন্যান্য স্টেকহোল্ডার অন্তর্ভুক্ত থাকবে। এমন কর্মগোষ্ঠী যা করবে: (1) নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের বর্ধিত ক্রয়ের সুযোগ এবং প্রতিবন্ধকতা সনাক্ত করবে; (2) স্টেট এজেন্সিগুলিকে তাদের ক্রয় করা নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যের পরিমাণ বৃদ্ধি করতে সহায়তা করার জন্য নির্দেশনা সুপারিশ করবে; (3) খাদ্য উৎপাদনের গুপ্ত ব্যয় বিবেচনা ও সামঞ্জস্য করে এমন স্টেটের খাদ্য সংগ্রহ মডেল গ্রহণ করার সম্ভাব্য উপকার ও সম্ভাব্যতা বিশ্লেষণ করবে; এবং (4) এই নির্বাহী আদেশ (Executive Order) কর্তৃক প্রতিষ্ঠিত লক্ষ্য অর্জনের ব্যাপারে ডেটা সংগ্রহ ও প্রতিবেদনের আবশ্যিকতা সুপারিশ করবে।

F. স্থানীয় সরকারসমূহ এবং স্কুলজেলাগুলিকে তাদের বার্ষিক খাদ্য ও খাদ্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য ক্রয়কে 30 শতাংশে বৃদ্ধি করার জন্য স্টেটের প্রয়াসে যোগদান করার জন্য উৎসাহিত করা যাচ্ছে।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের অধীনে, অ্যালবানি শহরে দুই হাজার সালের আগস্ট মাসের তেইশতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব